নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৪.১৯-১৪৮

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫ / ২৬ ফেব্রুয়ারি ২০১৯

**বিষয় : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে কাউন্সিলর পদে নির্বাচন উপলক্ষে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

সূত্র: (১) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৮১ তারিখ: ১৯ ফেব্রুয়ারি ২০১৯
(২) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৩০ তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে **২৮ ফেব্রুয়ারি ২০১৯** তারিখ অনুষ্ঠিতব্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে কাউন্সিলর পদে নির্বাচন উপলক্ষে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৭ ফেব্রুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **২৮ ফেব্রুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো |
| (২) ট্যাক্সি ক্যাব | (৬) কার | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস | (৭) বাস | |
| (৪) জিপ | (৮) ট্রাক | |

২। সে সাথে **২৭ ফেব্রুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **০১ মার্চ ২০১৯** তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় মহাসড়ক ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির হওয়ার জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিল করতে হবে।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুযায়ী আদেশে জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **নির্দেশক্রমে** অনুরোধ করা হলো।

২৬/২/১৯

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
ফোন: ০২-৫৫০০৭৫২৫
মোবাইল: ০১৭১৬৮৪৬৯৮২
E-mail: sasemc1@gmail.com

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৪.১৯-১৪৮

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫
২৬ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৫. মহাপরিচালক, র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)/বিজিবি/আনসার ও ভিডিপি, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার , ঢাকা
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
১০. যুগ্মসচিব ............................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, ঢাকা
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল
১৬. পুলিশ সুপার, ঢাকা
১৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা
১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. উপজেলা/থানা নির্বাচন অফিসার, .......................... (সংশ্লিষ্ট)
২৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট) থানা।

২৬/০২/১৯

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮